ইত্তেফাক

তারিখ ... ...14|3|78... ...
পৃষ্ঠা... ..9...কলাম 4 ... ...

017

# মাদ্রাসায় কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা

( ইত্তেফাক রিপোর্ট )

দেশে শীঘ্রই ৫টি মাদ্রাসায় কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা চালু হইবে। এ ব্যাপারে ইতিমধ্যে কার্যকর উদ্যোগ লওয়া হইয়াছে বলিয়া শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষসূত্রে জানা গিয়াছে।

সংশ্লিষ্ট মাদ্রাসাগুলিতে আরবী ও ধর্মীয় শিক্ষার পাশাপাশি পলিটেকনিক ইনষ্টিটিউটে অনুষ্ঠিত সকল ধরনের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাদান ব্যবস্থা চালু করা হইবে। সরকার মাদ্রাসা শিক্ষাকে আধুনিক উৎপাদন ও বৃত্তিমুখীন শিক্ষাব্যবস্থার সহিত সমন্বিত করার উদ্দেশ্যে ইতিমধ্যে মাদ্রাসা শিক্ষার সিলেবাস সংস্কারেরও উদ্যোগ লইয়াছে।

প্রথম পর্যায়ের যে পাঁচটি মাদ্রাসাকে এই কার্যক্রমের মধ্যে আনা হইতেছে তাহার মধ্যে বরিশালের শর্ষিনা মাদ্রাসা, গৌরনদী কাসেমাবাদ মাদ্রাসা, চট্টগ্রামের চুনতি মাদ্রাসা এবং যশোরের একটি মাদ্রাসা অন্তর্ভুক্ত হওয়ার সম্ভাবনা রহিয়াছে। অবশ্য প্রথম পর্যায়ের পাঁচটি মাদ্রাসাকে এই কার্যক্রমের অন্তর্ভুক্ত করার পরে ভবিষ্যতে আরও অনেক মাদ্রাসাকে এই কার্যক্রমের অধীনে নেওয়ায় উদ্যোগ লওয়া হইবে বলিয়া সংশ্লিষ্টসূত্র জানান।